# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 24-08-2025** **Time: 7.50 P.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) উত্তর ২৪ পরগণার স্বরূপনগরে ভারত বাংলাদেশ সীমান্তের হাকিমপুর চেকপোস্ট দিয়ে বেআইনীভাবে এদেশে ঢোকার সময় মহম্মদ আরিফুজ্জামান নামে বাংলাদেশের হাসিনা সরকারের আমলে এক উচ্চপদস্থ আধিকারিক বিএসএফ-এর হাতে ধরা পড়েছে।

২) কেএমডিএ কলকাতার উড়ালপুল ও সেতুর নীচে বেআইনি বসতি ও দোকান সরাতে অভিযান শুরু করেছে।

৩) ২০২২ সালের প্রাথমিকের টেট পরীক্ষার্থীদের তথ্য ফাঁস হয়ে যাওয়ার অভিযোগ উঠেছে।

৪) দক্ষিণবঙ্গের ওপর তৈরি হওয়া নিম্নচাপটি সরে গেলেও সক্রিয় মৌসুমী অক্ষরেখার কারণে জেলাগুলিতে বিক্ষিপ্তভাবে বৃষ্টি।

পশ্চিম মেদিনীপুরে ঘাটাল মহকুমায় আবারও বন্যা পরিস্থিতি তৈরির সম্ভাবনা।

৫) কলকাতা প্রিয়িমার ডিভিশন লিগ ফুটবলে আজ মোহনবাগান ৫-২ গোলে বেহালা এস এস স্পোর্টিং-কে হারিয়ে দিয়েছে।

-----------------------------------------------------------------------------------

উত্তর ২৪ পরগণার স্বরূপনগরে ভারত বাংলাদেশ সীমান্তে হাকিমপুর চেকপোস্ট দিয়ে বেআইনীভাবে এদেশে ঢোকার সময় মহম্মদ আরিফুজ্জামান নামে এক উচ্চপদস্থ আধিকারিক বিএসএফ-এর হাতে ধরা পড়েছে। হাসিনা সরকারের আমলে সেনাবাহিনীর সচিব আরিফুজ্জামান রংপুর মেট্রোপলিটন পুলিশের এসিপির দায়িত্বে ছিলেন বলে জানা গেছে। ইউনুস সরকার বাংলাদেশে ক্ষমতায় আসার পর তিনি সাতক্ষীরা জেলায় আত্মগোপন করেছিলেন। বৃষ্টি এবং প্রাকৃতিক দুর্যোগের সুযোগ নিয়ে সীমান্ত অতিক্রম করার সময় বিএসএফ ১৪৩ নম্বর ব্যাটেলিয়ানের জওয়ানরা তাকে আটক করে গতরাতে স্বরূপনগর থানা পুলিশের হাতে তুলে দেয়। তার কাছ থেকে বেশ কিছু নথিপত্রও পাওয়া গেছে। বাংলাদেশ হাইকমিশনকেও বিষয়টি অবহিত করা হয়েছে। আজ বসিরহাট আদালতে তাকে পেশ করা হলে ১৪ দিনের জেল হেফাজতে পাঠানো হয়।

---------------------

ভারত বাংলাদেশ আন্তর্জাতিক সীমান্তের গেদে রেলস্টেশনে ভুয়ো সাংবাদিক ও গোয়েন্দা অফিসার সেজে বৈধভাবে এদেশে আসা বাংলাদেশী নাগরিকদের হেনস্থা করার অভিযোগে পুলিশ তিনজনকে গ্রেপ্তার করেছে। ঢাকা থেকে এদেশে চিকিৎসার জন্য এক দম্পতি ও তাদের সন্তান শিয়ালদামুখী ট্রেন ধরার জন্য অপেক্ষা করার সময় পাঁচ জন তাদের ঘিরে ধরে হেনস্থা করে। স্থানীয় মানুষদের চিৎকারে দুজন পালিয়ে গেলেও তিনজন ধরা পড়ে যায়। এদের একজনের বাড়ি কলকাতায়। বাকি দুজন উত্তর ২৪ পরগণার বাসিন্দা।

---------------------

কলকাতা মেট্রোপলিটন ডেভেলপমেন্ট অথরিটি, কেএমডিএ মহানগরীর উড়ালপুল ও সেতুর নীচে বেআইনি বসতি ও দোকান সরাতে অভিযান শুরু করেছে। ইতিমধ্যেই

চারটি সেতুর নীচ থেকে অবৈধ বসতি ও অস্থায়ী দোকান উচ্ছেদ করে দেওয়া হয়েছে। ওই জায়গাগুলিতে লোহার গ্রিল বসিয়ে ঘিরে ফেলা হয়েছে, যাতে ভবিষ্যতে আর কেউ জায়গা দখল করতে না পারে।

পাশাপাশি আরও আটটি সেতুর নীচে উচ্ছেদ অভিযান চলছে। আলিপুর চিড়িয়াখানার কাছে মা সারদামণি সেতু, টালিগঞ্জ-হারিদেবপুর সংযোগকারী করুণাময়ী সেতু, চিঙ্গরিঘাটা উড়ালপুল ও ইএম বাইপাসে আম্বেদকর সেতুর নিচ থেকে উচ্ছেদ অভিযান সম্পূর্ণ করে ঘিরে ফেলা হয়েছে। এখন বাঘাযতীন ব্রিজ, চেতলা লকগেট ব্রিজ, দুর্গাপুর ব্রিজ, বাগমারি ব্রিজ, কামালগাজি ব্রিজ, চিতপুর ব্রিজ, উল্টোডাঙা উড়ালপুল এবং ভিআইপি রোড-সল্টলেক সংযোগকারী স্লিপ ব্রিজের নীচে উচ্ছেদ অভিযান চলছে।

কেএমডিএ-র সূত্রে খবর, বহু উড়ালপুল ও সেতুর নীচে বছরের পর বছর ধরে অস্থায়ী বসতি তৈরি করে কোথাও দোকান, কোথাও আবার খোলা আগুনে রান্না চলছে। এর ফলে ইঞ্জিনিয়ারদের প্রয়োজনীয় পরিদর্শনের কাজও ব্যাহত হয়। গত ডিসেম্বরে নিউ আলিপুরের দুর্গাপুর ব্রিজের নীচে আগুন লেগে সেতুর কংক্রিট ক্ষতিগ্রস্ত হওয়ার পরই কেএমডিএ নড়েচড়ে বসে।

---------------------

২০২২ সালের প্রাথমিকের টেট পরীক্ষার্থীদের তথ্য ফাঁস হয়ে গেছে বলে অভিযোগ উঠেছে। পরীক্ষার্থীদের একাংশের অভিযোগ, একটি অচেনা ওয়েবসাইটে প্রায় দেড় লক্ষের বেশি পরীক্ষার্থীর তথ্য দেখা গেছে। সেখান থেকে টেট উত্তীর্ণদের শংসাপত্রও ডাউনলোড করা যাচ্ছে বলে তাঁদের অভিযোগ। পর্ষদ পরীক্ষার্থীদের এই তথ্য প্রকাশ না করা সত্ত্বেও কিভাবে তা ফাঁস হল, তা নিয়ে পরীক্ষার্থীরা গুরুতর প্রশ্ন তুলেছেন। বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে এবং অভিযোগ সত্যি হলে আইনত ব্যবস্থা নেওয়া হবে বলে পর্ষদ সূত্রে জানানো হয়েছে।

উল্লেখ্য, ২০২৩ সালের ফেব্রুয়ারি মাসে এই পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়। উত্তীর্ণরা প্রাথমিক শিক্ষা পর্ষদের ওয়েবসাইটে রেজাল্ট দেখতে পেয়েছিলেন। সেইমতো তারা সার্টিফিকেট ডাউনলোডও করেন।

---------------------

আধুনিক জ্ঞান ও বিজ্ঞানভিত্তিক দক্ষতার মাধ্যমে ফৌজদারি আইন ব্যবস্থাকে আরো উন্নত করতে ন্যাশনাল ইউনিভার্সিটি অফ জুরিডিকাল সায়েন্সেস, ক্রিমিনোলজি এন্ড ক্রিমিনাল জাস্টিস বিষয়ে স্নাতকোত্তর কোর্স চালু করেছে। এমএ ও এমএসসি দুই বিভাগেই এই কোর্স পড়ানো হবে। সল্টলেকে আজ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডক্টর নির্মল কান্তি চক্রবর্তী, কলকাতা হাইকোর্টের তিন বিচারপতির উপস্থিতিতে নতুন কোর্সের আনুষ্ঠানিক সূচনা হয়। উপাচার্য ডক্টর নির্মল কান্তি চক্রবর্তী বলেন, সাইবার প্রতারণা ও আর্থিক জালিয়াতির অপরাধ যেভাবে বাড়ছে, সেই বিষয়টি মাথায় রেখে এই কোর্সের কথা ভাবা হয়েছে।

বাইট-নির্মল

কলকাতা হাইকোর্টের বিচারপতি তীর্থঙ্কর ঘোষ আশা প্রকাশ করেন, ফৌজদারি আইন শিক্ষা ব্যবস্থায় যে ফাঁকফোকরগুলি রয়েছে, এই কোর্স করলে তা পূরণ হবে। এর ফলে তদন্তকারী পুলিশ আধিকারিক, বিচারব্যবস্থার সঙ্গে যুক্ত ব্যক্তিরা উপকৃত হবেন।

বাইট-তীর্থঙ্কর

---------------------

উত্তর ২৪ পরগনার বেলঘরিয়ার নন্দননগরে প্রকাশ্য রাস্তায় মদ্যপানের প্রতিবাদ করায় এক শিক্ষককে মারধোরের অভিযোগে ধৃত মদিরা মুখার্জি ও পলাশ

দাশকে আজ ব্যারাকপুর আদালতে তোলা তিনদিনের পুলিশ হেফাজত হয়েছে। আটক দুই নাবালককে পাঠানো হয়েছে হোমে।

উল্লেখ্য, গতকাল একটি অনুষ্ঠান থেকে ২ নম্বর রেলগেট ধরে বাড়ি ফেরার পথে কয়েকজন যুবক ও এক তরুণীকে মদ্যপান করতে দেখে প্রতিবাদ করেন নিরূপম পাল নামে ওই শিক্ষক। তখনই তাঁর ওপর চড়াও হয় অভিযুক্তরা।

--------------------

পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রাম ২ নম্বর ব্লকের বিরুলিয়া সমবায় কৃষি উন্নয়ন সমিতির পরিচালক মণ্ডলীর নির্বাচনে বিজেপি ১২-০ ফলাফলে জয়ী হয়েছে। দল এই জয়কে বাংলার সাধারণ মানুষের জাগরণের প্রতীক বলে বর্ণনা করেছে।

--------------------

দক্ষিণবঙ্গের ওপর তৈরি হওয়া নিম্নচাপটি আজ সকালে মধ্যপ্রদেশের দিকে সরে গেছে; তবে সক্রিয় মৌসুমী অক্ষরেখার কারণে দক্ষিণবঙ্গের জেলাগুলি থেকে আজও বিক্ষিপ্তভাবে বৃষ্টির খবর পাওয়া গেছে। আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী অন্বেষা ভট্টাচার্য্য আকাশবাণীকে জানিয়েছেন, কলকাতা এবং আশপাশ এলাকায় আকাশ মেঘলা থাকবে এবং তাপমাত্রার বিশেষ কোনো হেরফের হবে না। বাতাসের গতিবেগ বেশি থাকতে পারে, এই কারণে মৎস্যজীবীদের আগামী ২৪ ঘন্টায় সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে।

বাইট

--------------------

কয়েকদিনের টানা বৃষ্টিতে পশ্চিম মেদিনীপুরের ঘাটাল মহকুমা জুড়ে আবারও বন্যা পরিস্থিতি তৈরির সম্ভাবনা দেখা দিয়েছে। রূপনারায়ণ নদের জল বিপদ সীমার উপর দিয়ে বইছে। কলমিজোড় এলাকায় ওল্ড কাঁসাই নদীর জলও বিপদ সীমা অতিক্রম করেছে। পরিস্থিতির উপর নজর রেখেছে প্রশাসন। প্রস্তুত রাখা হয়েছে বিপর্যয় মোকাবিলা বাহিনীকে।

---------------------

লাগাতার টানা বৃষ্টিতে ব্রীজ ভেঙে পড়ায় দক্ষিণ দিনাজপুরের তপন ব্লকের চন্ডিপুর গ্রাম পঞ্চায়েতের ফতেপুর ও মিলকিডাঙ্গা গ্রামের মানুষ বিপাকে পড়েছেন। এই ব্রীজটিই ছিল হোলিদানা ও আকতৈল গ্রামে যাওয়ার একমাত্র সংযোগ পথ। দীর্ঘদিন ধরে সংস্কারের অভাবে জীর্ণ খাড়ির উপর নির্মিত এই ব্রীজ ভেঙে পড়ায় একাধিক গ্রামের সঙ্গে যোগাযোগ সম্পূর্ণভাবে বিচ্ছিন্ন হয়ে গিয়েছে।

---------------------

কলকাতা মেট্রোর উত্তর-দক্ষিণ করিডোরে অর্থাৎ ব্লু লাইনে আগামীকাল থেকে ট্রেনের সংখ্যা বাড়ছে। মেট্রোর তরফে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, সোম থেকে শুক্রবার দক্ষিণেশ্বর এবং শহিদ ক্ষুদিরাম স্টেশনের মধ্যে আপ ও ডাউনে ২৬২টির পরিবর্তে ২৮৪টি মেট্রো চলবে। যাত্রী চাহিদার কথা মাথায় রেখেই এই সিদ্ধান্ত।

শহীদ ক্ষুদিরাম থেকে সকাল ছটা ৫৪ মিনিটে এবং দক্ষিণেশ্বর থেকে ছটা পঞ্চাশ মিনিটে আগের মতই প্রথম ট্রেন ছাড়বে। তবে দক্ষিণেশ্বরগামী শেষ মেট্রো শহিদ ক্ষুদিরাম থেকে পাওয়া যাবে রাত ৯টা ৩৪ মিনিটে।

অন্যদিকে, শহিদ ক্ষুদিরাম থেকে দমদমগামী শেষ মেট্রো মিলবে রাত ৯টা ৪৪ মিনিটে। তবে শনি ও রবিবার ট্রেন চলাচলের সময়সূচী অপরিবর্তিত থাকবে বলে জানানো হয়েছে।

---------------------

নৈহাটি স্টেডিয়ামে আজ কলকাতা প্রিমিয়ার ডিভিশন লিগ ফুটবলে মোহনবাগান সুপার জায়ান্ট ৫-২ গোলে বেহালা এস এস স্পোর্টিং ক্লাবকে পরাজিত করেছে। মোহনবাগানের শিবম মুন্ডা হ্যাটট্রিক করেছেন। আদিত্য অধিকারী ও করণ রাই একটি করে গোল করেন। বেহালা এস এস স্পোর্টিং-এর রোমিন গোলদার ও তুহিন পোর একটি করে গোল করেন।

বারাকপুর স্টেডিয়ামে স্টেডিয়ামে ক্যালকাটা কাস্টমস ক্লাব ১-০ গোলে পুলিশ অ্যাথলেটিকস ক্লাবকে হারিয়ে দিয়েছে।

কল্যাণী স্টেডিয়ামে অন্য একটি ম্যাচে কালীঘাট স্পোর্টস লাভারস এসোসিয়েশন, সুরুচি সংঘের বিরূদ্ধে ১-০ গোলে জয়ী হয়েছে।

-------------------- --------------------